উপজেলা পরিষদ
কাহালু, বগুড়া।

উপজেলা পরিষদ কাহালু এর অক্টোবর/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ আল্ হাসিবুল হাসান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কাহালু, বগুড়া।

সভার তারিখ ঃ ১২ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ
সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, কাহালু।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলোঃ

সভাপতি সভায় উপস্থিত সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কাহালু, বগুড়াকে অনুরোধ জানান। তিনি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন।

০২। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন ঃ

সভায় গত ২০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোনরূপ সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

০৩। বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ

| ক্রঃ নং | দপ্তর/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, কাহালু সভায় জানান কাহালু উপজেলায় গত সেপ্টেম্বর ২০২৩ মাসে বহিঃ বিভাগে ৭৪০২, আন্তঃ বিভাগে ৫৫৬ জন, জরুরী বিভাগে ১৪৬২ জন, ০৪ টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে ৯২৪৫ জন, ২৭ টি কমিউনিটি ক্লিনিকে- ২৫৭৬১ জন, স্বাভাবিক ডেলিভেরী ২০ জন, এক্সরে রোগীর সংখ্যা ২৫ জন, আল্ট্রাসনোগ্রাম ১৮ জন, ইসিজি রোগীর সংখ্যা ৩৯ জন, ডায়রিয়া রোগীর সংখ্যা- ২০৭ জন, মল- ৩১, মূত্র- ১৪৫, রক্তের রুটিন ৩৯২, রক্তের গ্রুপ ৫৮, রক্তের সুগার ১৯১, ভেডাল টেস্ট ৮৭, প্রগেনেনসী টেস্ট- ১০২ এবং ৪০৮ জনের কফ পরীক্ষা করে ৪৯ জনকে যক্ষার চিকিৎসার আওতায় আনা হয়েছে। এছাড়াও ইপিআই এর কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সটি সবসময় পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ জনসাধারণকে যথাযথভাবে স্বাস্থ্যসেবা প্রদান নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার কাহালু,বগুড়া। |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, এ বছর এ উপজেলায় বর্তমানে সারের মজুদ পরিস্থিতি ইউরিয়া- ৫৫৯ মেঃ টন, টিএসপি- ১৫০ মেঃ টন, এমওপি- ২৪৩ মেঃ টন এবং ডিএপি ২৪৪ মেঃ টন। এছাড়াও ইউরিয়া সার বস্তা প্রতি ১৩৫০ টাকা টিএসপি- ১৩৫০ টাকা, এমওপি ১০০০ টাকা এবং ডিএপি ১০৫০ টাকা হিসেবে বাজারে বিক্রয় হচ্ছে। এ উপজেলায় রোপা আমন ধান ১৮২৫০ হেক্টর, শাকসবজী ৪৫০ হেঃ, ভার্মি কম্পোস্ট ০৩টি, আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে ধান বীজ উৎপাদন প্রদর্শনী রোপা আমন-০৮টি, রোপা আমন প্রদর্শনী (রাজস্ব প্রকল্প)-১৫ টি এবং বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে কাহালু-বিবিরপুকুর সড়কে ৪০০ (চারশত)টি তাল গাছের চারা রোপন করা হয়েছে। এছাড়াও ২০২৩-২৪ অর্থ বছরে রবি মৌসুমে গম, ভুট্টা, সরিষা, শীতকালীন পেঁয়াজ, মুগ ও মসুর আবাদ বৃদ্ধির লক্ষ্যে ৪৮৮০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হবে। | ১) মাঠে ফসলের ফলন ভাল পাওয়ার জন্য উন্নতমানের বীজ সরবরাহ ও সার্বক্ষণিক তদারকি করতে হবে।<br>২) সারের সরবরাহ সাপেক্ষে সুষ্ঠুভাবে বিতরণ করতে হবে। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, কাহালু,বগুড়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার কাহালু সভায় জানান যে, তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নাই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসটি সবসময় পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ গোবাদি পশুসহ খামারীদেরকে পশুপালন বিষয়ে সু-পরামর্শ প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার কাহালু, বগুড়া |
| ০৪ | উপজেলা মৎস্য অফিস | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার কাহালু সভায় জানান যে, কাহালু উপজেলায় ইতোমধ্যেই ১৫০ টি খামার নিবন্ধনের আওতায় এসেছে। বর্তমানে আরও অনেক খামার রয়েছে তারা এখনও নিবন্ধন করেনি তবে মৎস্য খামার নিবন্ধনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও মৎস্য খামার নিবন্ধন কার্যক্রমকে আরও বেশী তরান্বিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | মৎস্য খামার নিবন্ধনের কার্যক্রম দ্রুত এবং সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যানগণকে তার এলাকায় মৎস্যচাষীদের এ বিষয়ে উদ্বুদ্ধ করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার কাহালু, বগুড়া |
| ০৫ | উপজেলা প্রকৌশলী | উপজেলা প্রকৌশলী, কাহালু সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা উন্নয়ন তহবিলের অর্থ দ্বারা বিভিন্ন ইউনিয়নে উন্নয়নমূলক পিআইসি ও টেন্ডার প্রকল্পসহ প্রকল্প কমিটি উপজেলা নির্বাহী অফিসার বরাবর দাখিল করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা উন্নয়ন তহবিলের অর্থ দ্বারা বিভিন্ন ইউনিয়নে উন্নয়নমূলক পিআইসি ও টেন্ডার প্রকল্পসহ প্রকল্প কমিটি উপজেলা নির্বাহী অফিসার বরাবর দাখিল করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী কাহালু, বগুড়া। |
| ০৬ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার কাহালু সভায় জানান যে, বিভিন্ন ভাতাভোগীগণ তারা বিভিন্ন মাধ্যমসহ প্রতারণার স্বীকার হচ্ছে। তাই আমি সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষন করছি যে, তার এলাকার বিভিন্ন ভাতাভোগীরা যাতে অনলাইনে আবেদন করার সময় উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়ে পরামর্শক্রমে আবেদন করার জন্য আহ্বান জানান। যাতে কোন সাধারণ মানুষ প্রতারণার স্বীকার না হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিভিন্ন ভাতাভোগীগণ যাতে বিভিন্ন ভাতার বিষয়ে অনলাইনে আবেদন করার পূর্বে সমাজসেবা বিভাগের সাথে পরামর্শক্রমে আবেদন করার জন্য আহ্বান জানান। | উপজেলা সমাজসেবা অফিসার, কাহালু |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাহালু সভায় জানান যে, তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নাই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে তদারকি করণসহ শিক্ষার মান উন্নয়নের কার্যক্রম জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাহালু |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার কাহালু সভায় জানান যে, তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নাই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | প্রাথমিক পর্যায়ের শিক্ষা বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, কাহালু |
| ০৯ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাহালু সভায় জানান যে, বর্তমান মাসে ৯২ জন সদস্যদের মধ্যে ২১.৭৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এ মাসে ঋণ আদায়ের পরিমাণ ২২.৬২ লক্ষ টাকা। এছাড়াও তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | তার দপ্তরের বিভিন্ন খাতে বিতরণকৃত ঋণ গ্রহীতাদের নিকট হতে ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাহালু |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, গত সেপ্টেম্বর ২০২৩ মাসে এ উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা- ৫৪৯৫৯ জন, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারির সংখ্যা- ৪৫২২৭ জন এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারির হার- ৮২.২৯%। খাবার বড়ি- ২৩০৩৫ জন, কনডম- ৪৮৪৭ জন, ইনজেকটেবল (ডিপো প্রভেরা)- ৬২০৪ জন, আইইউডি (কপারটি)- ৮১১ জন, ইমপ্লান্ট- ৩৭৭৮ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৩২৩৭ জন ও স্থায়ী পদ্ধতি (মহিলা)- ৩৩১৫ জন। এছাড়াও কাহালু উপজেলায় গর্ভবতি মহিলার সংখ্যা ১৯৯২ জন, গর্ভবতি মায়ের যত্ন নেয়া হয়েছে ৭৪৭ জন, জীবিত জন্মের সংখ্যা ২৫২ জন। মোট সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়েছে ৪৬৮৫ জন। প্রতিমাসে ২৪ টি স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে গ্রাম পর্যায়ে মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। ২৪ টি কমিউনিটি ক্লিনিকে পরিবার পরিকল্পনা স্বাস্থ্য এমসিএইচ-এফপি সেবা প্রদান করা হচ্ছে। | পরিবার পরিকল্পনা কার্যক্রম সুষ্ঠভাবে করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কাহালু বগুড়া। |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কাহালু সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরে তার দপ্তরের মাধ্যমে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ছিল ৪২০ জন। বর্তমানে সেপ্টেম্বর ২০২৩ মাসে ০৩টি ব্যাচে মোট ৯০ জন যুবক যুব নারীদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও শুরু থেকে সেপ্টেম্বর ২০২৩ মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট ৮৪১৩ জনকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে এর মধ্যে ১২০৭ জনকে মোট ৩,৩০,০৩,০০০/- (তিন কৌটি ত্রিশ লক্ষ তিন হাজার) টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৫.৯৩%। | ১) ঋণ আদায় জোরদার করতে হবে<br>২) যুবদের প্রশিক্ষণ যথাযথভাবে প্রদান করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাহালু, বগুড়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার কাহালু সভায় জানান যে, কাহালু উপজেলার পাইকড় ইউনিয়নে দধিসাগর আবাসন প্রকল্প রয়েছে। উক্ত প্রকল্পের নামে সার ও বরাদ্দ রয়েছে। তবে মৎস্য সমবায় সমিতির অনুকূলে ঋণ খেলাপীর তালিকা চাওয়া হয়েছে। তাদের তালিকা এখনও পাওয়া যায়নি। এছাড়াও তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নাই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | সমবায় বিভাগের বিভিন্ন ঋণদান সমবায় সমিতিসহ অন্যান্য সমিতির কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, কাহালু |
| ১৩ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিভাগ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য কাহালু সভায় জানান যে, সরকারিভাবে বরাদ্দকৃত টিউবওয়েল পাওয়া গেছে। তবে সকলের পরামর্শক্রমে নির্দিষ্ট তারিখে বিতরণ করার জন্য সভায় আহ্বান জানান। এছাড়াও তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নাই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য কাহালু |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কাহালু সভায় জানান যে, আগামী ০৯ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দে বেগম রোকেয়া দিবস উপলক্ষ্যে কাহালু উপজেলা হতে একজন নারীকে পুরস্কার প্রদান করা হবে। সে লক্ষ্যে এ উপজেলার একজন প্রতিবাদী নারীকে মনোনয়ন করার জন্য উপজেলা প্রশাসনের পক্ষ হতে নাম প্রদানের জন্য সভায় মতামত ব্যক্ত করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে আগামী ০৯ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দে বেগম রোকেয়া দিবস উপলক্ষ্যে কাহালু উপজেলা হতে একজন নারীকে পুরস্কার প্রদান করা হবে। সে লক্ষ্যে আগামী ০৯ ডিসেম্বর ২০২৩ এর পূর্বে উপজেলা প্রশাসনের পক্ষ হতে একজন প্রতিবাদী নারীর মনোনয়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাহালু |
| ১৫ | ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার কাহালু সভায় জানান যে, তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নাই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | ত্রাণ বিভাগের বিভিন্ন প্রকল্পের কাজ তদারকিকরণসহ সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কাহালু |
| ১৬ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কাহালু সভায় জানান যে, কাহালু উপজেলায় স্থাপিত চালকলের সংখ্যা হাস্কিং মিল সংখ্যা ৯০ টি, অটোমিল সংখ্যা- ০২টি এবং খাদ্য বান্ধব কর্মসূচী- প্রতিটি ইউনিয়নে একটি করে এবং ডিলার সংখ্যা ১৮টি, মোট কার্ড সংখ্যা ৮৩৩৪ টি, কাহালু পৌরসভায় ওএমএস ডিলার ০৪টি। বোরো সংগ্রহ/২০২৩ এর লক্ষ্যমাত্রা চাল ৩৮৫০.০০০ মেঃ টন, অর্জিত চাল ৩৮৭২.১০০ মেঃ টন। এছাড়াও ১২/১০/২০২৩ খ্রিস্টাব্দ পর্যন্ত বিভিন্ন ইউনিয়ন হতে ০৮ জন কার্ডধারী মৃত ব্যক্তির তালিকা দাখিল করেছেন। এছাড়াও তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নাই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | খাদ্য বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কাহালু |
| ১৭ | তথ্যআপা বিভাগ | উপজেলা তথ্য অফিসার, কাহালু সভায় জানান যে, তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নাই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | তথ্য বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা তথ্য অফিসার, কাহালু |
| ১৮ | ফরেস্টার | ভারপ্রাপ্ত বন কর্মকর্তা কাহালু সভায় জানান যে, তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নাই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | বন বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করতে হবে। | ফরেস্টার, বন বিভাগ, কাহালু, বগুড়া |
| ১৯ | তাঁতবোর্ড | লিয়াজো অফিসার, তাঁতবোর্ড কাহালু সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | লিয়াজো অফিসার, কাহালুকে উপজেলা মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থেকে তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করার জন্য বলা হলো। | লিয়াজো অফিসার, তাঁতবোর্ড, কাহালু |
| ০৪ | বিবিধ আলোচনা (০১) | উপজেলা নির্বাহী অফিসার, কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন পরিষদের পূর্বপার্শ্বে লেকের উপর দুইটি গাছ উপড়ে পরে ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। উক্ত দুইটি গাছ দ্রুত অপসারণ পূর্বক মূল্য নির্ধারণ করে নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য নিমিত্ত সভায় মতামত ব্যক্ত করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন পরিষদের পূর্বপার্শ্বে লেকের উপর দুইটি গাছ উপড়ে পরে ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। উক্ত দুইটি গাছ দ্রুত অপসারণ পূর্বক মূল্য নির্ধারণ করে নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | ফরেস্টার, বনবিভাগ, কাহালু, বগুড়া |
| | বিবিধ আলোচনা (০২) | উপজেলা প্রকৌশলী কাহালু সভায় জানান যে, বাংলা ১৪২৯ সনের হাট-বাজার ইজারালব্ধ আয়ের ১৫% ও ১০% অর্থ দ্বারা বিভিন্ন ইউনিয়নের হাট বাজারের উন্নয়ন প্রকল্প গ্রহণের জন্য ইউনিয়ন হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি কর্তৃক দাখিলকৃত প্রকল্প উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তক্রমে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অনুমোদনের জন্য সুপারিশ করেছেন। বিস্তারিত আলোচনান্তে প্রকল্প ও প্রকল্প কমিটি সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। উক্ত প্রকল্পসমূহ পরিশিষ্ট "খ" অনুযায়ী প্রকল্প ও প্রকল্প কমিটি চূড়ান্ত অনুমোদনের জন্য পার্শ্বেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে হাট-বাজারসমূহের ইজারাকৃত অর্থের ১০% অর্থ দ্বারা গৃহীত প্রকল্পের কাজ প্রাক্কলন অনুযায়ী সম্পন্ন করার নিমিত্ত প্রকল্প ও প্রকল্প কমিটি অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার, কাহালু<br><br>উপজেলা প্রকৌশলী, কাহালু<br><br>চেয়ারম্যান ইউপি সকল, কাহালু |
| | বিবিধ আলোচনা (০৩) | উপজেলা প্রকৌশলী, কাহালু সভায় জানান যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহালু মহোদয় আগামী ১২ নভেম্বর ২০২৩ হতে ১১ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ পর্যন্ত উন্নত চিকিৎসার জন্য বহিঃ বাংলাদেশ গমনের জন্য আবেদন দাখিল করেছেন। উক্ত আবেদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহালু মহোদয়ের আগামী ১২ নভেম্বর ২০২৩ হতে ১১ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ পর্যন্ত উন্নত চিকিৎসার জন্য বহিঃ বাংলাদেশ গমনের জন্য দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে উন্নত চিকিৎসার জন্য বহিঃ বাংলাদেশ গমনের নিমিত্ত ছুটি অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার, কাহালু, বগুড়া। |

| | | | |
|---|---|---|---|
| বিবিধ আলোচনা (০৪) | কাহালু উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সমাগ্রী সরবরাহ করণের নিমিত্ত উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ের নিমিত্ত প্রকল্প ও প্রকল্প কমিটি সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচান্তে উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।<br>(ক) মোঃ মিটু চৌধুরী, পাইকড় ইউপি চেয়ারম্যান প্রঃ সভাপতি<br>(খ) উপজেলা সমবায় অফিসার, কাহালু প্রঃ সেক্রেটারী<br>(গ) মোঃ আজিজার রহমান, দূর্গাপুর ইউপি সদস্য সদস্য<br>(ঘ) মোছাঃ রোকসানা বেগম, সমাজসেবিকা সদস্য<br>(ঙ) মোঃ রুহুল আমিন, গন্যমান্য ব্যক্তি সদস্য<br>(চ) মোঃ সেকিন্দার আলী, সমাজসেবক সদস্য<br>(ছ) মোঃ আমজাদ হোসেন, উপজেলা আনসার ভিডিপি সদস্য | সভায় বিস্তারিত আলোচনান্তে কাহালু উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী সরবরাহ করণের নিমিত্ত উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ের প্রকল্প বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী কাহালু, বগুড়া। |
| বিবিধ আলোচনা (০৫) | গত সেপ্টেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপজেলা হিসাব রক্ষণ অফিসের এটাস্ট টয়লেট নির্মাণ প্রকল্পটি অনুমোদিত হয়েছিল কিন্তু উপজেলা হিসাব রক্ষণ অফিসে এটাস্ট টয়লেট নির্মাণ করার জায়গা সংকুলান না হওয়ায় উক্ত প্রকল্পের স্থলে উপজেলা পরিষদের তিস্তা কোয়াটারের ২য় তলার পূর্বপার্শ্বের ইউনিট সংস্কার করণ বাবদ ৩৪,৭০৮/- টাকা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস কক্ষ সংস্কার করণ বাবদ ৬৫,২৯২/- টাকার প্রকল্পটি আংশিক সংশোধনপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা হিসাব রক্ষণ অফিসের এটাস্ট টয়লেট নির্মাণসহ টাইলস করণ এর স্থলে উপজেলা পরিষদের তিস্তা কোয়াটারের ২য় তলার পূর্বপার্শ্বের ইউনিট সংস্কার করণ বাবদ ৩৪,৭০৮/- টাকা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস কক্ষ সংস্কার করণ বাবদ ৬৫,২৯২/- টাকার প্রকল্পটি আংশিক সংশোধনপূর্বক বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী কাহালু, বগুড়া। |
| বিবিধ আলোচনা (০৬) | উপজেলা প্রকৌশলী, কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদের গ্যারেজ সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত গ্যারেজে নিয়োজিত সহকারীকে সার্বিকভাবে সহযোগিতাসহ উপজেলা পরিষদে কর্মরত কর্মকর্তাদের গাড়ি রাখার বিষয়ে মাসিক চাঁদা হিসেবে ১০০/- টাকা নির্ধারণের বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের গ্যারেজ সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত গ্যারেজে নিয়োজিত সহকারীকে সার্বিকভাবে সহযোগিতাসহ উপজেলা পরিষদে কর্মরত কর্মকর্তাদের গাড়ি রাখার বিষয়ে মাসিক চাঁদা হিসেবে ১০০/- টাকা পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী কাহালু, বগুড়া। |
| বিবিধ আলোচনা (০৭) | চেয়ারম্যান উপজেলা পরিষদ কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদের সৌন্দর্যবর্ধনের জন্য কিছু কিছু কাজ করা জরুরী প্রয়োজন। উক্ত কাজগুলো করার নিমিত্ত সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচান্তে উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের সৌন্দর্যবর্ধনের নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। উক্ত কাজ বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় মিটানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার, কাহালু বগুড়া। |
| বিবিধ আলোচনা (০৮) | চেয়ারম্যান উপজেলা পরিষদ কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও আবাসিক ভবনে বিভিন্ন সংস্কার কাজ করা জরুরী প্রয়োজন। সে লক্ষ্যে উপজেলা প্রকৌশলী প্রশাসনিক ভবন ও আবাসিক ভবন পরিদর্শনপূর্বক প্রাক্কলন প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপনের জন্য বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচান্তে উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও আবাসিক ভবন পরিদর্শনপূর্বক সংস্কার কাজ বাস্তবায়নের জন্য প্রাক্কলন প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, কাহালু |
| বিবিধ আলোচনা (০৯) | উপজেলা প্রকৌশলী, কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদ সভাকক্ষে ডেলিগেট মাইক্রোফোন কম থাকায় বিভিন্ন মিটিং, সেমিনার ও আলোচনা সভায় বক্তব্য উপস্থাপন করা খুবই সমস্যার সৃষ্টি হচ্ছে। উপজেলা পরিষদ সভাকক্ষে ডেলিগেট মাইক্রোফোন ক্রয়ের নিমিত্ত যাচাইঅন্তে ভাউচারের মাধ্যমে ক্রয় করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচান্তে উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ সভাকক্ষে ডেলিগেট মাইক্রোফোন ক্রয়ের নিমিত্ত ২৫,০০০/- টাকা ২৫০০০/- টাকা, ২৫০০০/- টাকা এবং ২৫০০০/- টাকা করে ভাউচারের মাধ্যমে ক্রয় করে বিল ভাউচার উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, কাহালু |
| বিবিধ আলোচনা (১০) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদের পুরাতন অফিস ভবনে পানির ট্যাংকি দীর্ঘদিন যাবৎ পরিষ্কার না করায় উক্ত ট্যাংকির পানি ব্যবহারের অনুপযোগী হয়ে পরেছে। উক্ত পানির ট্যাংকি পরিষ্কার করার জন্য সভায় উপস্থাপন করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পুরাতন অফিস ভবনের পানির ট্যাংকি জরুরী ভিত্তিতে পরিষ্কারের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, কাহালু |
| বিবিধ আলোচনা (১১) | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, সেপ্টেম্বর ২০২৩ মাসে অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য ৩৩,০০০/- টাকা, উপজেলা পরিষদের অফিস ও আবাসিক এলাকায় জঙ্গল ও ড্রেন পরিষ্কার বাবদ ২৫,০০০/- টাকা, ০৫ আগস্ট/২৩ মাসে শেখ কামাল এঁর জন্য বার্ষিকী উদযাপন ব্যয় বাবদ ১৩,২৪০/- টাকা, ০৮ আগস্ট ২০২৩ শেখ ফজিলাতুন্নেছা এঁর জন্য বার্ষিকী বাবদ ১৩,৪০০/- টাকা, ১৫ আগস্ট ২০২৩ শেখ মুজিবুর রহমান এঁর শাহাদত বার্ষিকী বাবদ ২২,০০০/- টাকা, উপজেলা পরিষদের ইলেকট্রিক মালামাল ক্রয় বাবদ ২৯,৫০০/- টাকা, | সভায় বিস্তারিত আলোচনাক্রমে উক্ত ব্যয়সমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে ভূতাপেক্ষ অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কাহালু বগুড়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা পরিষদের পুরাতন ভবনের কেচিগেট মেরামত বাবদ ২১,২৮৪/- টাকা, কাজল কুমার রায়, সাঁট মুদ্রাক্ষরিকের সিপিই এর লভ্যাংশ বাবদ ৫৪,১৪৮/- টাকা, মোঃ নুরুল ইসলাম, গাড়ী চালকের সিপিই এর লভ্যাংশ জমা বাবদ ৪৯,৩৮৫/- টাকা, উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত বাবদ ৬,৬৮০/-টাকা এবং আপ্যায়ন ও আনুষঙ্গিক ব্যয়- ৩৫,০০০/- টাকা, স্ট্যান্ডিং কমিটির আপ্যায়ন ব্যয় বাবদ ৮,০০০/- টাকা এবং উপজেলা পরিষদের নিরাপত্তা ব্যয় বিল বাবদ ১০,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা হয়েছে। উক্ত ব্যয়সমূহ অনুমোদনের লক্ষ্যে সভায় উপস্থাপন করেন। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(আল্ হাসিবুল হাসান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কাহালু, বগুড়া
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাহালু, বগুড়া।
(kahaloo.bogra.gov.bd)

স্মারক নং- ০৫.৫০.১০৫৪.০০০.০৬.০০১.২০২৩- ১১১৬

তারিখ ঃ ২৭ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। জেলা প্রশাসক, বগুড়া।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বগুড়া।
৫। মেয়র, কাহালু পৌরসভা, কাহালু, বগুড়া।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহালু, বগুড়া।
৭। উপজেলা-------------------------------------------কর্মকর্তা, কাহালু, বগুড়া।
৮। চেয়ারম্যান-------------------------------ইউপি (সকল), কাহালু, বগুড়া।
৯। জনাব---------------------------------------------------,কাহালু, বগুড়া।

(মোছাঃ মেরিনা আফরোজ)
উপজেলা নির্বাহী অফিসার
কাহালু, বগুড়া।
ও
মূখ্য নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ
টেলিফোন # ০২-৫৮৮৮৭৭০৪৬
ই-মেইল ঃ unokahaloo@mopa.gov.bd